গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
www.dam.gov.bd

স্মারক নং-১২.০২.০০০০.০০২.১৮.০২৩.১২-৭৭৯ তারিখঃ ২০/১২/২০১৬খ্রিঃ

**বিষয়ঃ** আগামী ২৮ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখ, বুধবার, জেলা পরিষদ নির্বাচন অবাধ সুষ্ঠু, শান্তিপুর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা(বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ এবং নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান প্রসংগে।

সূত্রঃ কৃষি মন্ত্রণালয়ের ১২/১২/১৬ তারিখের ১২.০০.০০০০.০১২.১৬.০০২.০৪.১২-১২৫৮ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয় ও সূত্রেয় স্মারকের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ২৮ ডিসেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখ, বুধবার, জেলা পরিষদ নির্বাচন অবাধ সুষ্ঠু, শান্তিপুর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা(বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ এবং নির্বাচন কমিশনকে সহযোগিতা করার জন্য আপনার বিভাগের অধীন জেলা ও উপজেলা কার্যালয়সমূহকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের লক্ষ্যে সূত্রোক্ত পত্রের ছায়ালিপি নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

২০/১২/১৬
(এস, এম, সাঈদ হাসান)
সহকারী পরিচালক(প্রশাসন)
ফোনঃ৯১১৪৭৬৫

উপ-পরিচালক
কৃষি বিপণন অধিদপ্তর
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/রংপুর/বরিশাল/সিলেট বিভাগ।

**অনুলিপিঃ** সদয় জ্ঞাতার্থে

১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃষ্টি আকষর্ণঃ উপ–সচিব, প্রশাসন–১ শাখা, কৃষি মন্ত্রণালয়)।
২। ফোকাল পয়েন্ট কর্মকর্তা, আইসিটি সেল, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা(ওয়েব সাইটে প্রকাশের নিমিত্তে)

নং- ৪৪০৬
তাং ৭/১/১৭

কৃষিই সমৃদ্ধি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
www.moa.gov.bd

কৃষি বিপণন অধিদপ্তর
মহা-পরিচালকের দপ্তর

| | |
|---|---|
| প্রধান (গবেষণা ও উন্নয়ন) | ☐ জরুরী ব্যবস্থা নিন |
| উপ-পরিচালক (আইসিটি) | ☐ প্রয়োজনীয় ব্যবস্থা নিন |
| উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা) | ☐ মতামতসহ নথিতে দিন |
| উপ-পরিচালক (বাজার তথ্য) | ☐ আলাপ করুন |
| উপ-পরিচালক (প্রশাসন) | ☐ নথিভুক্ত করুন |
| উপ-পরিচালক (বাজার ব্যবস্থাপনা) | |
| সহকারী পরিচালক (প্রশাসন) | |
| ব্যক্তিগত সহকারী | |
| ডাইরী নং - | |
| তারিখ - | |

নির্বাচন অগ্রাধিকার

স্মারক নং-১২.০০.০০০০.০১২.১৬.০০২.০৪- ১২৫৮

তারিখঃ ২৮ অগ্রহায়ণ ১৪২৩
১২ ডিসেম্বর ২০১৬

বিষয়ঃ **আগামী ২৮ ডিসেম্বর, ২০১৬ খ্রি. তারিখ, বুধবার, জেলা পরিষদ নির্বাচন অবাধ সুষ্ঠু শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ এবং নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান সংক্রান্ত।**

সূত্রঃ ১) মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ নভেম্বর ২০১৬ খ্রি. তারিখের **০৪.০০.০০০০.৫১৩.৭১.১৯৭.২০১৬.১০৩৩** সংখ্যক পত্র।
২) মন্ত্রিপরিষদ বিভাগের ৩০ নভেম্বর ২০১৬ খ্রি. তারিখের **০৪.০০.০০০০.৫১৩.৭১.১৯৭.২০১৬.১০৩২** সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয়ে ও সূত্রোক্ত স্মারকের প্রেক্ষিতে মন্ত্রিপরিষদ বিভাগের পত্র দু'টি এসাথে প্রেরণ করা হলো। প্রেরিত পত্রের মর্মানুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ **বর্ণনামতে ০২(দুই) পাতা।**

**(কে এম আবদুল ওয়াদুদ)**
উপসচিব
ফোনঃ-৯৫৭৭৪২৯
E-mail: sas.ad1.moa@gmail.com

**বিতরণ (মন্ত্রণালয়):**

১। অতিরিক্ত সচিব (পিপিসি/সম্প্রসারণ/প্রশাসন ও উপকরণ/গবেষণা/নিরীক্ষা)/মহাপরিচালক (বীজ উইং), কৃষি মন্ত্রণালয়।
২। যুগ্মপ্রধান (পরিকল্পনা), কৃষি মন্ত্রণালয়।

**বিতরণ (দপ্তর/সংস্থা) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, দিলকুশা বা/এ, ঢাকা।
২। নির্বাহী পরিচালক, বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
৩। মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
৪। মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
৫। নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল, ফার্মগেট, ঢাকা।
৬। মহাপরিচালক, বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৭। মহাপরিচালক, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর।
৮। মহাপরিচালক, বাংলাদেশ পাট গবেষণা ইনস্টিটিউট, মানিকমিয়া এভিনিউ, ঢাকা।
৯। মহাপরিচালক, বাংলাদেশ পরমাণু কৃষি গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
১০। মহাপরিচালক, বাংলাদেশ সুগারক্রপ গবেষণা ইনস্টিটিউট, ঈশ্বরদী, পাবনা।
১১। মহাপরিচালক, জাতীয় কৃষি প্রশিক্ষণ একাডেমী, জয়দেবপুর, গাজীপুর।
১২। নির্বাহী পরিচালক, তুলা উন্নয়ন বোর্ড, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।
১৩। নির্বাহী পরিচালক, বরেন্দ্র বহুমুখী উন্নয়ন কর্তৃপক্ষ, বহরমপুর, রাজশাহী।
১৪। পরিচালক, বীজ প্রত্যয়ন এজেন্সী, গাজীপুর।
১৫। পরিচালক, মৃত্তিকা সম্পদ উন্নয়ন ইনস্টিটিউট, ফার্মগেট, ঢাকা।
১৬। পরিচালক, কৃষি তথ্য সার্ভিস, খামারবাড়ী, ফার্মগেট, ঢাকা।

**সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপিঃ**

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়।

E:\ADMIN-1\Endors\Cabinat.doc

অতিরিক্ত সচিব
প্রশাসন ও উপকরণ অনুবিভাগ

নির্বাচন অগ্রাধিকার

কৃষি সচিবের দপ্তর
অতিঃ সচিব (প্রঃ/উপ)
অতিঃ সচিব (পিপিসি)
মহাপরিচালক (বীজ)
অতিঃ সচিব (নিরীক্ষা)
অতিঃ সচিব (সম্প্রঃ)
অতিঃ সচিব (গবেঃ)
যুগ্ম-প্রধান
পি,এস
ডাইরী নং
তারিখঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৭১.১৯৭.২০১৬.১০৩২

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৩
৩০ নভেম্বর ২০১৬

বিষয়: আগামী ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখ, বুধবার, জেলা পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠানের লক্ষ্যে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান সংক্রান্ত।

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখ, বুধবার, ৬১টি জেলার (তিনটি পার্বত্য জেলা ব্যতীত) জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ নির্বাচন যাতে অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে অনুষ্ঠিত হয় সেদিকে লক্ষ্য রাখা সংশ্লিষ্ট সকলের কর্তব্য। উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের জন্য নির্বাচন কমিশন ইতোমধ্যে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করেছে। নির্বাচন কমিশনের অনুরোধক্রমে সরকারের পক্ষ হতে আইনশৃঙ্খলা রক্ষার প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করা হচ্ছে।

২। নির্বাচন কমিশন সচিবালয় জানিয়েছে যে জেলা পরিষদ নির্বাচন পরিচালনার জন্য তিনটি পার্বত্য জেলা ব্যতীত অন্যান্য জেলার জেলা প্রশাসকগণকে রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ করা হয়েছে। এছাড়া, দুইজন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ৫৯ জন জেলা নির্বাচন অফিসার, ২৭ জন উপজেলা নির্বাচন অফিসার ও চারজন থানা নির্বাচন অফিসারকে সহকারী রিটার্নিং অফিসার হিসাবে নিয়োগ করা হয়েছে। রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র গ্রহণ/বাতিলের বিরুদ্ধে আপিল গ্রহণ ও আপিল নিষ্পত্তির জন্য আপিল কর্তৃপক্ষ হিসাবে সাতজন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (সার্বিক), সাতজন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), তিনজন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (উন্নয়ন) ও একজন অতিরিক্ত বিভাগীয় কমিশনার (এপিএমবি)-কে নিয়োগ করা হয়েছে। নির্বাচন সংক্রান্ত কার্যাদি সুষ্ঠুভাবে পরিচালনা ও সম্পাদনের জন্য বিভিন্ন সরকারি দপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা ও বেসরকারি প্রতিষ্ঠানের কর্মকর্তা/কর্মচারীদের মধ্য থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রিজাইডিং অফিসার, সহকারী প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসার নিয়োগ করা হবে। বিভিন্ন পর্যায়ের সরকারি এবং সরকারি অনুমোদনপ্রাপ্ত শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষিকাগণ নির্বাচনের কাজে প্রত্যক্ষভাবে দায়িত্বপ্রাপ্ত হবেন। ভোটকেন্দ্রের আইনশৃঙ্খলা রক্ষার জন্য প্রয়োজনীয় সংখ্যক এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট ও জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগ এবং আইনশৃঙ্খলা রক্ষাকারী সংস্থার সদস্যদের মোতায়েন করা হবে। তা ছাড়া, বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থার স্থাপনা/অঙ্গাণ ভোটগ্রহণের কাজে ভোটকেন্দ্র হিসাবে ব্যবহৃত হবে।

৩। জেলা পরিষদের আসন্ন নির্বাচন সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি/ সংস্থার কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ অতীতের অন্যান্য নির্বাচনের মত এ নির্বাচনেও নির্বাচন কমিশনকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করবেন বলে সরকার আশা করে। নির্বাচনি দায়িত্বে নিয়োজিত কর্মকর্তাগণের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের বিধান সংবলিত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নম্বর আইন)-এর ২-এর (ঘ) এবং ৪-এর (৩)(৪)(৫) ধারা অনুসারে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত যে কোন কর্মকর্তা/কর্মচারী উক্তরূপ নিয়োগের তারিখ হতে নির্বাচনি দায়িত্ব হতে অব্যাহতি না পাওয়া পর্যন্ত তাঁর নিজ চাকরির অতিরিক্ত হিসাবে নির্বাচন কমিশনের অধীনে প্রেষণে চাকরিরত বলে গণ্য হবেন। প্রেষণে চাকরিরত অবস্থায় তিনি নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনে নির্বাচন কমিশন এবং ক্ষেত্রমতে রিটার্নিং অফিসারের নিয়ন্ত্রণে থাকবেন এবং তাঁদের যাবতীয় আইনানুগ আদেশ বা নির্দেশ পালনে বাধ্য থাকবেন। প্রেষণে থাকাকালে নির্বাচন সংক্রান্ত দায়িত্ব অগ্রাধিকার পাবে।

৪। নির্বাচন অনুষ্ঠানে নির্বাচন কমিশনকে সহযোগিতা প্রদান সংবিধানের ১২৬ অনুচ্ছেদ এবং জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬-এর বিধি ৩ অনুসারে সকল নির্বাহী কর্তৃপক্ষ এবং সংশ্লিষ্ট সকলের কর্তব্য।

৫। এমতাবস্থায়, উল্লিখিত নির্বাচন অনুষ্ঠানের কাজে অর্পিত দায়িত্ব আইন ও বিধি মোতাবেক নিরপেক্ষভাবে পালনের মাধ্যমে নির্বাচন কমিশনকে সহযোগিতা ও সহায়তা প্রদানের জন্য সরকারের সকল মন্ত্রণালয়/বিভাগকে তাঁদের অধীন সংশ্লিষ্ট সকল কর্মকর্তা ও কর্মচারীকে অনতিবিলম্বে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে অনুরোধ জানানো হল।

শাখায় প্রাপ্তির তারিখ ০৫/১২/১৬
ডাইরী নং ২১৫৮
উপস্থাপনের তারিখ

আইসিটি সেল
হিসাব রক্ষণ কর্মকর্তা
অন্যান্য শাখা
ব্যক্তিগত কর্মকর্তা
নম্বরঃ
তারিখঃ

৬। বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত শিক্ষক/শিক্ষিকাদের প্রতিও অনুরূপ নির্দেশনা জারি করার জন্য শিক্ষা মন্ত্র এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়কে অনুরোধ করা হল।

৭। নির্বাচন পরিচালনার কাজ যাতে অব্যাহত গতিতে চলতে পারে তার নিশ্চয়তা বিধানের জন্য জেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৬-এর বিধি ৮৯ অনুযায়ী নির্বাচনের তফসিল ঘোষণার তারিখ থেকে নির্বাচনের ফলাফল ঘোষণার পর ১৫ (পনের) দিন সময় অতিক্রান্ত না হওয়া পর্যন্ত নির্বাচন কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে নির্বাচনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে অন্যত্র বদলি পরিহার করতে হবে। সকল মন্ত্রণালয়/বিভাগ এবং আধাসরকারি/স্বায়ত্তশাসিত সংস্থাসমূহ নির্বাচনের কাজ শেষ না হওয়া পর্যন্ত নির্বাচনের কাজে নিয়োজিত সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীকে ছুটি প্রদান এবং অন্যত্র বদলি করা হতে বিরত থাকতে হবে।

স্বাক্ষরিত/-
৩০.১১.২০১৬
(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৭১.১৯৭.২০১৬.১০৩২

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৩ / ৩০ নভেম্বর ২০১৬

অনুলিপি:

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১। সিনিয়র সচিব/সচিব/ভারপ্রাপ্ত সচিব,.............................................. মন্ত্রণালয়/ বিভাগ (সকল)।
০২। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা।
০৩। মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ/আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ঢাকা।
০৪। বিভাগীয় কমিশনার, ঢাকা, চট্টগ্রাম, রাজশাহী, খুলনা, বরিশাল, সিলেট, রংপুর, ময়মনসিংহ।
০৫। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা অধিদপ্তর/প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
০৬। মহাপরিচালক, র‍্যাপিড একশান ব্যাটালিয়ান, ঢাকা।
০৭। জেলা প্রশাসক ও রিটার্নিং অফিসার,..................................................(সংশ্লিষ্ট সকল)।
০৮। জেলা প্রশাসক,...................................................................................(সকল)।
০৯। পুলিশ সুপার,.....................................................................................(সকল)।
১০। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা..................................................................(সকল)।
১১। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) ও সহকারী রিটার্নিং অফিসার..............(সংশ্লিষ্ট সকল)।
১২। জেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার..............................(সংশ্লিষ্ট সকল)।
১৩। জেলা নির্বাচন অফিসার.......................................................................(সকল)।
১৪। উপজেলা নির্বাহী অফিসার....................................................................(সকল)।
১৫। উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রির্টানিং অফিসার,..........................(সংশ্লিষ্ট সকল)।
১৬। উপজেলা নির্বাচন অফিসার...................................................................(সকল)।
১৭। থানা নির্বাচন অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার,................................(সংশ্লিষ্ট সকল)।

সদয় অবগতির জন্য:

১। প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
২। সচিব, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

(মোঃ ছাইফুল ইসলাম)
উপসচিব
ফোন: ৯৫৫১৪২৫
email: gfa_branch@cabinet.gov.bd

| |
|---|
| কৃষি সচিবের দপ্তর |
| ☑ অতিঃ সচিব (প্রঃ/উপ) |
| ☐ অতিঃ সচিব (পিপিসি) |
| ☐ মহাপরিচালক (বীজ) |
| ☐ অতিঃ সচিব (নিরীক্ষা) |
| ☐ অতিঃ সচিব (সম্প্রঃ) |
| ☐ অতিঃ সচিব (গবেঃ) |
| ☐ যুগ্ম-প্রধান |
| ☐ পি,এস |
| ডাইরী নং |
| তারিখঃ |

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
মাঠ প্রশাসন সংস্থাপন অধিশাখা
www.cabinet.gov.bd.

স্মারক নম্বর-০৪.০০.০০০০.৫১৩.৭১.১৯৭.২০১৬.১০৩৩

তারিখ: ১৬ অগ্রহায়ণ ১৪২৩
৩০ নভেম্বর ২০১৬

বিষয়: আগামী ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখ, বুধবার, জেলা পরিষদ নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধান অনুসরণ সংক্রান্ত।

নির্বাচন কমিশন কর্তৃক ঘোষিত সময়সূচি অনুযায়ী আগামী ২৮ ডিসেম্বর ২০১৬ তারিখ, বুধবার, ৬১টি জেলার (তিনটি পার্বত্য জেলা ব্যতীত) জেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ নির্বাচন অবাধ, সুষ্ঠু, শান্তিপূর্ণ ও নিরপেক্ষভাবে সম্পন্ন করার লক্ষ্যে নির্বাচন পরিচালনার দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ যাতে সততা, নিষ্ঠা ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করেন এবং কর্তব্য সম্পাদনে কোনরূপ শৈথিল্য প্রদর্শন না করেন, সে বিষয়ে নির্বাচন কমিশন সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেছে।

২। এ প্রসঙ্গে নির্বাচন কর্মকর্তাদের শৃঙ্খলা ও নিয়ন্ত্রণের লক্ষ্যে জারিকৃত নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর বিধানাবলীর প্রতি সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত আইনের ৪ ধারায় নির্বাচন কর্মকর্তার চাকরি ও নিয়ন্ত্রণ এবং ৫ ও ৬ ধারায় যথাক্রমে শৃঙ্খলামূলক ও দণ্ডের বিধানাবলী সন্নিবেশিত রয়েছে।

৩। উল্লেখ্য যে, নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব অর্পিত হলে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১-এর ২(ঘ) ধারায় বর্ণিত সংজ্ঞা অনুযায়ী 'নির্বাচন-কর্মকর্তা' হিসেবে বিবেচিত হবেন এবং উক্ত দায়িত্ব পালনের জন্য তিনি নির্বাচন কমিশনের নিকট দায়ী থাকবেন। এ দায়িত্ব ও কর্তব্যে নিযুক্তির জন্য নির্বাচন কর্মকর্তা হিসাবে তাঁর কোন আনুষ্ঠানিক নিয়োগপত্র নাও থাকতে পারে। নির্বাচন কমিশন কোন সরকারি/আধা-সরকারি দপ্তর/প্রতিষ্ঠানের কাছে লিখিতভাবে কোন তথ্য সরবরাহ, কর্মসম্পাদন ইত্যাদির জন্য যে কোন নির্দেশ প্রদান করলেই সে দপ্তর/প্রতিষ্ঠান প্রধান এবং সংশ্লিষ্ট তথ্য প্রদান ও কর্মসম্পাদনের দায়িত্বে নিয়োজিত অন্যান্য কর্মকর্তা/কর্মচারী নির্বাচন সংক্রান্ত দায়িত্বে নিযুক্ত হয়েছেন বলে গণ্য হবেন। সরকারের কর্মকর্তা/কর্মচারী এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানের যে কোন কর্মকর্তা/কর্মচারী নির্বাচনি দায়িত্বে নিযুক্ত কর্মকর্তাগণের অন্তর্ভুক্ত হতে পারেন। ভোটগ্রহণের জন্য সাময়িকভাবে নিযুক্ত বিভিন্ন স্তরের সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থা/বেসরকারি কর্মকর্তা/কর্মচারী/ব্যক্তি সকলেই নির্বাচন কর্মকর্তা। সুতরাং নির্বাচন সংক্রান্ত কোন দায়িত্ব পালনে অনীহা, অসহযোগিতা, শৈথিল্য, ভুল তথ্য প্রদান ইত্যাদির জন্য সংশ্লিষ্ট কর্মকর্তা অসদাচরণের অভিযোগে অভিযুক্ত হবেন এবং তাঁর বিরুদ্ধে আইন অনুযায়ী শৃঙ্খলামূলক ব্যবস্থা গ্রহণ করা যাবে।

৪। বর্ণিত অবস্থায়, সকল মন্ত্রণালয়/বিভাগ এবং সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত/বেসরকারি সংস্থা/অফিস এবং এ সকল প্রতিষ্ঠানে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণকে সংশ্লিষ্ট আইনের বিধান সম্পর্কে সচেতন থেকে নির্বাচনি দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য বিশেষভাবে অনুরোধ করা যাচ্ছে।

| অতিরিক্ত সচিব<br>প্রশাসন ও উপকরণ অনুবিভাগ | |
|---|---|
| যুগ্ম-সচিব (প্রশাঃ) | যুগ্ম-সচিব (উপঃ) |
| উপ-সচিব (সেবা) | উপ-সচিব (আইন) |
| উপ-সচিব (প্র-৩) | উপ-সচিব (উপ-১) |
| উপ-সচিব (প্র-৮) | যুগ্ম-সচিব (FMM) |
| উপ-সচিব (প্র-৫) | যুগ্ম-সচিব (বা/সমি) |
| ব্যক্তিগত কর্মকর্তা | অন্যান্য |
| নং: | স্বাক্ষর |
| তারিখ: | |

| |
|---|
| যুগ্ম-সচিব (প্রশাসন) এর দপ্তর |
| প্রশাসন-১ শাখা |
| প্রশাসন-২ অধিশাখা |
| প্রশাসন-৩ অধিশাখা |
| প্রশাসন-৫ অধিশাখা |
| আইন অধিশাখা |
| আইসিটি সেল |
| হিসাব রক্ষণ কর্মকর্তা |
| অন্যান্য শাখা |
| ব্যক্তিগত কর্মকর্তা |
| নম্বরঃ |
| তারিখঃ |

স্বাক্ষরিত/-
৩০.১১.২০১৬
(মোহাম্মদ শফিউল আলম)
মন্ত্রিপরিষদ সচিব

শাখায় প্রাপ্তির তারিখ........
ডাইরী নং........
উপস্থাপনের তারিখ........